# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য বৈধ হলো তার নিকটাত্মীয় মুশরিক ব্যক্তির সাথে সুসম্পর্ক বজায় রাখা, যখন তাদের ইসলাম গ্রহণের আশা থাকে

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ صِلَةَ قَرَابَتِهِ مِنَ أَهْلِ الشِّرْكِ إِذَا طَمِعَ فِي إِسْلَامِهِمْ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا مَخْلَدُ بْنُ مَالِكٍ السَّلْمَسِينِيُّ قَالَ: حَدَّثَنَا مُصْعَبُ بْنُ مَاهَانَ عَنْ سُفْيَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ: أَنَّ أَسْمَاءَ سَأَلَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أُمٍّ لَهَا مُشْرِكَةٍ قَالَتْ: جَاءَتْنِي رَاغِبَةً رَاهِبَةً أَصِلُهَا قَالَ: (نعم.)
الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 454 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৪৫৪. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আসমা বিনতু আবী বকর রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর মুশরিকা মা সম্পর্কে জিজ্ঞেস করেন, তিনি বলেন: “আমার মা একদিকে আশাবাদী অপরদিকে কিছুটা ভীতু হয়ে আমার কাছে এসেছেন, আমি কি তার সাথে সদাচারণ করবো?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হ্যাঁ।” (তার সাথে সদাচারণ করো।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আশ শাফি‘ঈ: ১০০ পৃষ্ঠা; সুনান বাইহাকী: ৪/১৯১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪২৫; মুসনাদ আহমাদ: ৬/৩৪৪; হুমাইদী: ৩১৮; সহীহ আল বুখারী: ৫৯৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88918

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন